

স্মারক নম্বরঃ ২৬.০৬.০০০০.০০২.০১.০৭২.১৯. ৬৪২

তারিখঃ ২৬ জুলাই ১৪৩১
০৬ জুন ২০২৪

পরিপত্র

বিষয়ঃ কোম্পানির পরিচালক পরিবর্তন, শেয়ার হস্তান্তর সংক্রান্ত অনাপত্তিপত্র, ঋণ পরিশোধের ছাড়পত্র এবং বিদেশী বিনিয়োগের সমর্থনে এনক্যাশমেন্ট সার্টিফিকেট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পরিদপ্তরের ওয়েবসাইটে আপলোড নিশ্চিতকরণ প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, আর্থিক খাত সংশ্লিষ্ট বিভিন্ন নিয়ন্ত্রণকারী সংস্থাসমূহের মধ্যে ১৫-০৯-২০২২ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের স্ব স্ব গ্রাহক কোম্পানির পরিচালক পরিবর্তন ও শেয়ার হস্তান্তর সংক্রান্ত অনাপত্তিপত্র এবং ঋণ পরিশোধের ছাড়পত্র যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের ওয়েবসাইটে তাৎক্ষণিকভাবে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক কোম্পানির পরিচালক পরিবর্তন ও শেয়ার হস্তান্তর সংক্রান্ত অনাপত্তিপত্র এবং ঋণ পরিশোধের ছাড়পত্র এ পরিদপ্তরের ওয়েবসাইটে আপলোড-এর জন্য সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে User ID এবং Password এর জন্য নির্দেশনা প্রদান করা হয়। তদপ্রেক্ষিতে, বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক ৪৮ টি ব্যাংক ও ৩০টি ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠান ইতোমধ্যে এ লক্ষ্যে এ পরিদপ্তর হতে User ID এবং Password সংগ্রহ করেছে (কপি সংযুক্ত)।

০২। বিগত ৩০.০৫.২০২৪ খ্রিঃ তারিখে এ পরিদপ্তর কর্তৃক একটি পরিপত্র জারী করা হয়। এমতাবস্থায় যেসকল ব্যাংক ও ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠান অনাপত্তিপত্র/ঋণ পরিশোধের ছাড়পত্র/এনক্যাশমেন্ট সার্টিফিকেট আপলোড করার জন্য User ID এবং Password সংগ্রহ করেছে সেসকল ব্যাংক ও ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র/ঋণ পরিশোধের ছাড়পত্র অনলাইনে যাচাই করা হবে।

০৩। ৩০.০৫.২০২৪ খ্রিঃ তারিখের পরিপত্র অনুযায়ী ব্যাংক কর্তৃক ইস্যুকৃত অনাপত্তিপত্র/ঋণ পরিশোধের ছাড়পত্র কোম্পানিসমূহকে পৃথকভাবে এ পরিদপ্তরের অনলাইন সিস্টেমে দাখিল না করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০৪। অনাপত্তিপত্র/ঋণ পরিশোধের ছাড়পত্রসমূহ ইস্যুকারী ব্যাংক ও ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক এ পরিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে কিনা সে বিষয়ে কোম্পানিসমূহকে নিশ্চিত হওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০৫। দ্রুত সেবা প্রদান নিশ্চিতকল্পে বিদেশী বিনিয়োগের সমর্থনে ইস্যুকৃত এনক্যাশমেন্ট সার্টিফিকেট ইস্যুকারী কর্তৃক এ পরিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

(মোঃ মিজানুর রহমান এনজিসি)
নিবন্ধক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮ ০২ ৫৫০১৩৭৭৬
registrar@roc.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
২. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), ই-৬/বি আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
৩. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, ই-৬/বি আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।
৫. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সমাজসেবা ভবন, ই-৮/বি-১, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
৬. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, বেপজা কমপ্লেক্স, বাড়ি#১৯/ডি, রোড#৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫।